আসছে নতুন মোগলি (ভিডিও)

ডেস্ক রিপোর্ট
নিউজবিডি৭১ডটকম
ঢাকা: মোগলি মানেই বাঁধভাঙা উচ্ছ্বাস, অ্যাডভেঞ্চার। নয়ের দশকের প্রায় সবারই মোগলিপ্রীতি ছিল আকাশ ছোঁয়া। মোগলির কারণেই অ্যাডভেঞ্চারের স্পৃহা জেগেছিল অনেকের মনে। সেই মোগলি আবার আসছে। আবারও বড়পর্দায়। মুক্তি পেয়েছে তার ট্রেলার।

‘দ্য জঙ্গল বুক’ মুক্তি পাওয়ার পর মোগলি ফের মনে সেই উচ্ছ্বাস জাগিয়ে তুলেছিল। এবার একই অনুভূতি দর্শককে ফিরিয়ে দেওয়ার জন্য তৈরি ওয়ার্নার ব্রাদার্স। তাদের প্রযোজনায় ফের দর্শকের সঙ্গে সাক্ষাৎ ঘটবে মোগলির। তবে এই মোগলি কিন্তু নেহাত শিশু নয়। কৈশোরে পদার্পণ করেছে সে। জঙ্গল থেকে ফিরেছে সভ্য সমাজে।

‘দ্য জঙ্গল বুক’ বিশ্বজুড়ে প্রায় ৯৭ কোটি ডলার আয় করেছিল। ছবিটি যখন রিলিজ করেছিল ওয়ার্নার ব্রাদার্স হয়তো ভাবেওনি এতটা সফলতা পাবে মুগলি। তাই ছবির দ্বিতীয় পর্বের পরিকল্পনার সময় আরও ভালভাবে আঁটঘাট বেঁধে নেমেছে তারা। দ্য জঙ্গল বুকের থেকেও আরও দুঃসাহসিক হতে চলেছে এই ছবিটি। ট্রেলারেই আঁচ পাওয়া যাচ্ছে ছবির পরতে পরতে রয়েছে উত্তেজনা। ১৯ অক্টোবর মুক্তি পাবে ‘মোগলি’।

নিউজবিডি৭১/আ/২৩ মে ,২০১৮